

ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের ১৯৯৭-৯৮ ও তাহার পূর্ববর্তী (স্বাধীনতা উত্তর কালের) নিরীক্ষা বৎসরসমূহের হিসাব, আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনায় গুরুতর অনিয়ম ও ক্ষয়-ক্ষতি প্রভৃতির উপর ভিত্তি করিয়া এই অডিট রিপোর্ট প্রণীত হইয়াছে।

অডিট রিপোর্টটি মূলতঃ ১৯৯৭-৯৮ সালের হইলেও রিপোর্টটিতে ১৯৯৭-৯৮ সালের ৬টি, ১৯৯৬-৯৭ সালের ৬টি, ১৯৯৬-৯৮ সালের ২টি এবং ১৯৯৪-৯৫ সালের ১টি সহ মোট ১৫টি গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়-ক্ষতি সম্পর্কিত অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হইয়াছে। এই ১৫টি অনুচ্ছেদের মধ্যে ৫টি অনুচ্ছেদকে একীভূত করিয়া ২টি যৌথ খসড়া অনুচ্ছেদ এবং অবশিষ্ট (১৫-৫) = ১০টি অনুচ্ছেদকে স্বতন্ত্র খসড়া অনুচ্ছেদ হিসাবে অর্থাৎ সর্বমোট (১০+২)=১২টি খসড়া অনুচ্ছেদকে এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হইয়াছে। উল্লেখ্য যে, উত্থাপিত আপত্তিসমূহের উপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জবাব প্রাপ্তিতে বিলম্বের কারণেই নিরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণে বিলম্ব হইয়াছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮(১) নম্বর অনুচ্ছেদের বিধান অনুযায়ী সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের হিসাব নিরীক্ষার দায়িত্ব বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের উপর ন্যস্ত করা হয়।

আটটি মন্ত্রণালয়ের তেইশটি সরকারী বিভাগ/দপ্তর ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এই কার্যালয়ের নিরীক্ষাধীন। সরকারী বিভাগ/দপ্তর ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের হিসাব সম্পর্কে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অডিট রিপোর্টসমূহ প্রস্তুত করা হয়। উত্তর নিরীক্ষার (Post Audit) আওতায় নমুনামূলক নিরীক্ষা (Test Audit) ও শতকরা হার ভিত্তিক নিরীক্ষা (Percentage Audit) কার্যক্রমের ফলাফলের উপর ভিত্তি করিয়াই এই অডিট রিপোর্টসমূহ প্রণয়ন করা হয়।

স্থানীয় যাচাই নিরীক্ষা ও পরিদর্শনে যে সব আর্থিক অনিয়মকে গুরুতর বিবেচনা করিয়া পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়, সেই সকল অনিয়ম সংশোধনকল্পে সরকার ও মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মধ্যে বিদ্যমান প্রথা অনুযায়ী নিরীক্ষাধীন কার্যালয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ এমন কি প্রিন্সিপাল একাউন্টিং অফিসার হিসাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের সহিত বিভিন্ন পর্যায়ে ও উপায়ে যোগাযোগের মাধ্যমে নিষ্পত্তির প্রচেষ্টা চালানোর পরও যে সকল আর্থিক অনিয়মের ব্যাপারে সন্তোষজনক জবাব পাওয়া যায় নাই, সেই সকল অনিয়মের বিবরণ এই রিপোর্টে অন্তর্ভুক্ত হইয়াছে।

এই রিপোর্টে ২টি অধ্যায় আছে। প্রথম অধ্যায়ে ১৫টি গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়-ক্ষতি অন্তর্ভুক্ত করা হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ে যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের আর্থিক বৎসর ভিত্তিক স্থানীয় যাচাই নিরীক্ষা ও পরিদর্শন প্রতিবেদনের মাধ্যমে উত্থাপিত, মীমাংসিত ও অমীমাংসিত অডিট আপত্তিসমূহের বিবরণ সন্নিবেশিত করা হইয়াছে। উল্লেখ্য যে, পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক ২০০০ সালের ৩০ শে জুন পর্যন্ত সময়কালে উত্থাপিত সড়ক ও জনপথ অধিদপ্তরের ১৭,০৫৪টি অডিট আপত্তির মধ্যে ১৩,৩০২ টি অডিট আপত্তি অমীমাংসিত রহিয়াছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী এই রিপোর্ট প্রণয়ন করিয়া মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হইল।